


# পুটু ও গুটু



গল্প: বিনয় বর্মন  
অলংকরণ: অমল আকাশ




পুটু পুকুরে সাঁতরায় । শ্যাওলায় টুকটুক করে ঠোকরায় ।





হঠাৎ... ওরে বাবা!





গুটু আসছে!







পালাও! পালাও!






পুটু ংকেবেঁকে ছোটে । গুটু পিছু পিছু ছোটে ।






পুটু লাফ দেয় । গুটুও লাফ দেয় ।




পুটু এবার ডুব দেয় । একেবারে পুকুরের তলে ।








গুটুও পিছু পিছু ডুব দেয় ।



পুটু টুস করে শেওলায় ঢেকে ।








গুটু খুঁজতে থাকে পুটুকে ।



এমন সময় বেরিয়ে আসে পুটু ।






গুটুর সামনে যায় ।





ওরে বাবা! ওটা কী? পালাই, পালাই!









পুটু আবার সাঁতরায় । শেওলায় টুকটুক করে ঠোকরায়...